



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার। একটি ভালোভাবে কার্যকর আদালত ব্যবস্থা ছাড়া জনগণের নিরাপত্তা আমরা সুরক্ষিত রাখতে পারবো না। আমাদের মেধাবী বিচারকদের আকৃষ্ট করতে এবং ধরে রাখতে পারতে হবে এবং আমাদের আদালতসমূহকে ন্যায্য ও দ্রুত ন্যায়বিচার প্রদান করতে পারতে হবে। সেজন্য নিউ ইয়র্কে বিচারকদের বেতনভাতা বৃদ্ধি করা সমর্থন করার জন্য আমি আইনসভা, জুডিশিয়াল, এবং নির্বাহী বেতনভাতা কমিশনে (Commission on Legislative, Judicial, and Executive Compensation) আমার দ্বারা নিয়োজিত ব্যক্তিদেরকে আহ্বান জানিয়েছি। এছাড়াও, আদালত ব্যবস্থাকে জোরদার করতে মুখ্য সংশোধন এবং নিউ ইয়র্কের বিচার ব্যবস্থার প্রশাসন উন্নত করার জন্য কোন কোন ক্ষেত্রে আমরা অংশীদারিত্ব করতে পারি তা সনাক্ত করার জন্য আমি আদালত প্রশাসন অফিসের (Office of Court Administration, OCA) সাথে কাজ করেছি। সংশোধনসমূহের মধ্যে রয়েছে পারিবারিক আদালতে সংস্থান বৃদ্ধি করা, ডেটা স্বচ্ছতা বৃদ্ধি করা, সমস্যা সমাধানকারী আদালতের সংখ্যা বিস্তৃত করা এবং সহিংসতা সম্পর্কিত দোষীদের মামলার ব্যাকলগ হ্রাস করার একটি পরিকল্পনা। এইসব মুখ্য সংশোধন স্থাপন করা এবং ন্যায়পরায়ণ, নিরপেক্ষ এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখবে এমন একটি ব্যবস্থার প্রতি তাদের অংশীদারিত্ব ও সম্মিলিত প্রতিশ্রুতির জন্য আমি OCA এর নতুন নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ, যাদের মধ্যে প্রধান বিচারপতি উইলসন এবং প্রধান প্রশাসনিক বিচারপতি জায়াস রয়েছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418